গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

বান্দরবান পার্বত্য জেলা পরিষদ



বান্দরবান
ফোন : + ৮৮০২৩৩৩৩০২১৬১ (অফিস), www.bhdc.gov.bd, bhdcbd@gmail.com

স্মারক নং- ২৯.৩৫.০৩০০.০০০.০০৩.৩৪.০৪২.২৪.১৭১২

তারিখ : ০৮ অগ্রহায়ণ ১৪৩৩ / ২৩ নভেম্বর ২০২৬

পুন: নিয়োগ বিজ্ঞপ্তি

বান্দরবান পার্বত্য জেলায় প্রত্যেকটি উপজেলায় মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার মান উন্নয়নে ইংরেজী ও বিজ্ঞান বিষয়ে শিক্ষার্থীদের বিশেষ ক্লাশ/প্রশিক্ষণের লক্ষ্যে প্রকল্প মেয়াদে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে স্বহস্তে লিখিত চাকরি আবেদন আহবান করা যাচ্ছে ঃ

ক্রম	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	বয়স ও অভিজ্ঞতা	বেতন
০১	সহকারী শিক্ষক (ইংরেজি)	০১ টি	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক/ স্নাকোতর/সমমান ডিগ্রী। সমগ্র শিক্ষা জীবনে ০১ টির বেশি ৩য় বিভাগ/ শ্রেণি/ সমমান গ্রহণযোগ্য হবে না।	অনুর্ধ্ব ৩২ বছর। (অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের বয়স শিথিল যোগ্য)	সর্বসাকুল্য ৩২০০০/- (বত্রিশ হাজার)
০২	সহকারী শিক্ষক (বিজ্ঞান)	০৪ টি			

উল্লেখ্য, এ পরিষদ স্মারক নং ২৯.৩৫.০৩০০.০০৩.১৪.১২১.২৫.১১৮৩, তাং ২২ জুলাই ২০২৬ মূলে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যে সকল প্রার্থী সহকারী শিক্ষক (বিজ্ঞান) বিষয়ে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। পূর্বের আবেদন বিবেচ্য বলে গন্য হবে।

শর্তাবলী ঃ-

১) নিম্নস্বাক্ষরকারীর বরাবর সাদা কাগজে স্ব-হস্তে লিখিত/পূরণকৃত চাকরি আবেদন ফরম আগামী ০২/১২/২০২৬ খ্রি. এর মধ্যে অফিস চলাকালীন বান্দরবান পার্বত্য জেলা পরিষদ কার্যালয়ে পৌছাতে হবে। উক্ত সময়ের পরে সরাসরি, ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২) অসম্পূর্ণ ও ত্রুটিযুক্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদন পত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৩) সরকারি/আধা-সরকার প্রতিষ্ঠানসমূহে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র দাখিল করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নহে।

৪) আবেদনপত্রে স্পষ্টাক্ষরে (ক) আবেদনকারীর নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) বর্তমান ঠিকানা, (ঙ) পূর্ণাঙ্গ স্থায়ী ঠিকানা, (চ) শিক্ষাগত যোগ্যতা, (ছ) অভিজ্ঞতা (যদি থাকে), (জ) জন্ম তারিখ, (ঝ) বয়স (০৬/০৮/২০২৬ তারিখে), (ঞ) জেন্ডার, (ট) ধর্ম (ঠ) জাতীয়তা, (ড) বৈবাহিক অবস্থা, (ঢ) মোবাইল নম্বর, (ণ) জাতীয় পরিচয় পত্র নং, (ত) জন্ম নিবন্ধন নং, (থ) ই-মেইল ঠিকানা (যদি থাকে) ইত্যাদি উল্লেখ করতে হবে।

৫) আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি দাখিল করতে হবে। যথা:

৫.১) সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩ কপি রঙিন ছবি, (খ) শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ সংক্রান্ত সনদপত্র, (গ) প্রথমশ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সম্প্রতি প্রদত্ত চারিত্রিক সনদপত্র (মূলকপি), (ঘ) পৌরসভা/ইউ.পি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, (ঙ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে), (চ) জাতীয় পরিচয় পত্র এবং (ছ) জন্ম নিবন্ধন সনদ ইত্যাদি। ছবি এবং সকল সনদপত্র অবশ্যই ১ম শ্রেণীর গেজেটের কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। (সত্যায়নকারী কর্মকর্তার নামযুক্ত সীলমোহর থাকতে হবে)।

৬) আবেদনপত্রের সাথে নিম্ন-স্বাক্ষরকারীর অনুকুলে যে কোন তফসিলী ব্যাংক হতে ৩০০ (তিনশত) টাকা ব্যাংক ড্রাফট/পে অর্ডার সংযুক্ত করতে হবে। পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।

৭) আবেদনপত্র প্রাথমিকভাবে বাছাইয়ের পর যাদের আবেদনপত্র সঠিক এবং প্রাপ্ত কাগজপত্রাদি উপযুক্ত বলে বিবেচিত হবে শুধুমাত্র তাদেরকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য সুযোগ দেয়া হবে।

চলমান-০২

৮) ভূঁয়া তথ্য কিংবা সনদপত্র এবং ছবি ও সনদ সত্যায়নের ক্ষেত্রে কোন প্রকার জালিয়াতি করা হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

০৯) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৩/১১/২৬

(মাম্যাচিং)
চেয়ারম্যান
ও
সভাপতি
সহকারী শিক্ষক নিয়োগ প্রকল্প বাস্তবায়ন কমিটি
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ

স্মারক নং-২৯.৩৫.০৩০০.০০০.০০৩.৩৪.০৪২.২৪.১৭১২

তারিখ: ০৮ অগ্রহায়ন ১৪৩৩
২৩ নভেম্বর ২০২৬

অনুলিপি : সদয় অবগতির জন্য - (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। জেলা প্রশাসক, বান্দরবান
০২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
০৩। জনাব .....সদস্য, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
০৪। জেলা শিক্ষা অফিসার, বান্দরবান পার্বত্য জেলা
০৫। নির্বাহী প্রকৌশলী, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
০৬। হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
০৭। প্রশাসনিক.কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
০৮। জনসংযোগ কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ (পরিষদ ওয়েবসাইট ও ফেসবুকে আপলোড করার জন্য)
০৯। .....
১০। অফিস কপি

২৩/১১/২৬

(মুহাঃ আবুল মনসুর)
নির্বাহী কর্মকর্তা
ও
সদস্য-সচিব
সহকারী শিক্ষক নিয়োগ প্রকল্প বাস্তবায়ন কমিটি
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ